# বাংলাদেশ ব্যাংক

**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

**সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট**


এসএফডি সার্কুলার লেটার নং-০৩ তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

**ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের বার্ষিক CSR বাজেট দাখিল প্রসঙ্গে**

এসএফডি সার্কুলার নং-০১/২০২২ এর মাধ্যমে জারিকৃত 'Policy Guidelines on Corporate Social Responsibility for Banks and Financial Institutions'-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিদ্যমান CSR নীতিমালার আলোকে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির সার্বিক CSR কার্যক্রম তদারকি ও নির্ধারিত হারে খাতভিত্তিক CSR ব্যয়ের সদ্ব্যবহার (End Use) নিশ্চিতকরণের নিমিত্ত অব্যবহিত পূর্ববর্তী বছরের ডিসেম্বর ভিত্তিক কর পরবর্তী নিট মুনাফার (Net Profit After Tax) তথ্য এবং পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত বার্ষিক CSR বাজেটের কপি (বোর্ড মেমোসহ) প্রতি বছর ফেব্রুয়ারি মাসের মধ্যে নিয়মিতভাবে এ বিভাগে দাখিল করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, পরবর্তীতে উক্ত CSR বাজেট সংশোধিত হলে তার কপি ষান্মাসিক প্রতিবেদনের সাথে দাখিল করতে হবে।

০৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত


(চৌধুরী লিয়াকত আলী)
পরিচালক (এসএফডি)
ফোন: ৯৫৩০৩২০
E-mail: gm.sfd@bb.org.bd